

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
<http://www.pppbd.org>

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৪.০৬১.১৮-১৫৭৭


তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক কর্মশালায় অংশ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নায়ী পল্লী প্রগতি কর্মসূচির আয়োজনে বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মরত উপপরিচালক এবং তদুর্ধ্ব কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের অংশগ্রহণে “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক এক দিনের কর্মশালা আগামী ২৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায়, বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত কর্মশালায় শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব এস.এম. মাসুদুর রহমান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বিআরডিবি, ঢাকা। উপজেলায় পল্লী প্রগতি কর্মসূচির খেলাপী ঋণ শূন্যের কোঠায় আনয়ন, জেলায় সামগ্রিকভাবে খেলাপী ঋণ হ্রাসকরণ এবং সফল উদ্যোক্তা হিসেবে বিশেষ উদ্যোগ গ্রহণ করায় সম্মানস্বরূপ উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিতগণকে মনোনয়ন প্রদানপূর্বক আমন্ত্রণ জানানো হলোঃ-

ক্র: নং	নাম ও পদবী	কর্মস্থল	ক্যাটাগরি
০১	জনাব মোঃ মিজানুর রহমান	উপপরিচালক, রাজশাহী	৫টি উপজেলায় শূন্য খেলাপী
০২	জনাব মোঃ কামরুজ্জামান	উপপরিচালক, যশোর	৩টি উপজেলায় শূন্য খেলাপী
০৩	জনাব মোঃ আরিফুল ইসলাম	উপপরিচালক, ঝিনাইদহ	সামগ্রিকভাবে জেলায় সর্বনিম্ন খেলাপী
০৪	জনাব এস.এম. এ সোহেল	ইউআরডিও, কলারোয়া, সাতক্ষীরা	খেলাপী শূন্য ও সর্বোচ্চ বিতরণ
০৫	জনাব মহাসীন কবীর	গ্রাম সংগঠক, কলারোয়া, সাতক্ষীরা	অর্থ বছরে সর্বোচ্চ বিতরণ
০৬	জনাব মোঃ রফিকুল ইসলাম	উদ্যোক্তা, ফরিদপুর, পাবনা	সফল উদ্যোক্তা

কর্মশালায় অংশগ্রহণের জন্য সম্মানী অনুষ্ঠানস্থলে প্রদান করা হবে এবং টিএ ও ডিএ নিজ কর্মস্থল থেকে গ্রহণ করবেন। মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মহোদয়ের অনুমোদনক্রমে বর্ণিতগণকে উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য আগামী ২৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ টায় বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।


১৫/০৬/২০২২
মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। জনাব, উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী/যশোর/ঝিনাইদহ।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা। (ইউআরডিও, কলারোয়াকে ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপপরিচালক, বিআরডিবি, পাবনা।
- ৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
- ৭। জনাব, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কলারোয়া, সাতক্ষীরা।
- ৮। জনাব, গ্রাম সংগঠক, কলারোয়া, সাতক্ষীরা।
- ৯। জনাব, উদ্যোক্তা, ফরিদপুর, পাবনা।
- ১০। অফিস কপি।